YES প্রোগ্রামে তরুণ রাষ্ট্রদুত হও, মার্কিন যুক্তরাষ্ট্রে শিক্ষাগ্রহন করো।

প্রোগ্রাম সম্পর্কে ধারণা

Kennedy-Lugar Youth Exchange and Study (K-L YES) একটি যুক্তরাষ্ট্রভিত্তিক প্রোগ্রাম। এর মাধ্যমে ১৫-১৭ বছর বয়সী হাইস্কুল-কলেজ শিক্ষার্থীরা এক বছরের বৃত্তিতে যুক্তরাষ্ট্রে পড়াশুনা করার সুযোগ পায়। এই বৃত্তি প্রদান করে থাকে আমেরিকান সরকারের Department of State। প্রোগ্রামটি নিয়ন্ত্রন করে Bureau of Educational & Cultural Affairs (ECA)। প্রোগ্রাম চলাকালীন সময়ে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের একটি পরিবারের সাথে থেকে হাইস্কুলে পড়াশুনা করে। তারা বিভিন্ন ধরনের সামাজিক এবং সাংস্কৃতিক কর্মকান্ডে জড়িত হয়। ফলে আমেরিকার সমাজ ব্যবস্থা এবং নেতৃত্ব সম্বন্ধে জ্ঞান লাভ করে। অপরদিকে আমেরিকান নাগরীকরা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের দেশের সমাজ-ব্যবস্থা, সংস্কৃতি ইত্যাদি বিষয়ে জ্ঞান অর্জন করে। বাংলাদেশে (YES) প্রোগ্রাম চালু হয়েছে ২০০৪ সাল থেকে। এ পর্যন্ত ৩৬৪ জন বাংলাদেশী ছাত্র এই প্রোগ্রামে অংশ নিয়েছে।

আবেদনের শেষ সময়: ১৬ নভেম্বর ২০১৭

যোগাযোগের জন্য: মোবাইল: (৮৮০) ১৭১৮ ২০৮ ৬৬৮
ই-মেইল: yesinfo@iearnbd.org ওয়েবসাইট: www.iearnbd.org
ঠিকানা: খ-৪৪, শাহজাদপুর, বাঁশতলা, গুলশান, ঢাকা-১২১২, বাংলাদেশ

iEARN-BD
www.iearnbd.org

অংশগ্রহনের যোগ্যতা

একজন আবেদনকারীর নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে:

» বাংলাদেশের নাগরিক হতে হবে । যুক্তরাষ্ট্র বা অন্য যে কোন দেশের
দ্বৈত- নাগরিক হতে পারবে না।

» ১ আগস্ট ২০১৮ তারিখে, বয়স ১৫-১৭ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ ১ আগস্ট, ২০০১ থেকে ১ আগস্ট, ২০০৩ এর মধ্যে থাকতে হবে।

» বাংলাদেশের ৮ম/৯ম/১০ম/একাদশ শ্রেণীর ছাত্র হতে হবে। যে সকল বাংলাদেশী নাগরিক বিদেশে পড়াশুনা করছে, তাদের আবেদন গ্রহনযোগ্য হবে না।

» সকল পরীক্ষায় কমপক্ষে "B" গ্রেড থাকতে হবে। তবে বর্তমান শিক্ষাবর্ষসহ পুর্ববর্তী দুই শিক্ষাবর্ষের কোন এক পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীর আবেদন গ্রহনযোগ্য নয়।

» ইংরেজী ভাষা লিখতে পারা, স্বাচ্ছন্দে বলতে পারার দক্ষতা আবশ্যক।

» আমেরিকান আইন অনুযায়ী ভিসা পাওয়ার যোগ্যতা থাকতে হবে।

» নিজ পরিবার কিংবা আত্মীয়-স্বজনের মাধ্যমে যুক্তরাষ্ট্রের অভিবাসী হিসাবে আবেদন করেছে, এমন শিক্ষার্থীর আবেদন গ্রহনযোগ্য নয়।

এছাড়াও আমেরিকান মেডিকেল টিম শিক্ষার্থী-দের হেলথ রেকর্ড যাচাই করবে।

আবেদনের পদ্ধতি

আবেদনের জন্য ভিসিট করুন www.iearnbd.org অথবা প্রথম পৃষ্ঠার ঠিকানায় যোগাযোগ করুন।

ইয়েস প্রোগ্রাম সম্পর্কে যে সকল প্রশ্ন-উত্তর আবেদনকারীর জেনে রাখা আবশ্যক:

১। ইয়েস প্রোগ্রাম শেষ করে আসতে একজন শিক্ষার্থীর কত টাকা খরচ লাগে?

আবেদনকারীর কোন খরচ বহন করতে হয় না। মার্কিন যুক্তরাষ্ট্রের ষ্টেট ডিপার্টমেন্ট এই প্রোগ্রামের সম্পূর্ণ খরচ বহন করে। বড় ধরণের খরচ যেমন- আমেরিকার ভিসা প্রক্রিয়াকরণ ফি, আকাশপথে যাতায়াত খরচ, স্কুলের বেতন এবং মাসিক বৃত্তি-১২৫/- মার্কিন ডলার প্রদান করা এই বৃত্তির আওতাভুক্ত।

২। বিজ্ঞাপনে উল্লেখিত বয়সের চেয়ে কম বেশী হলে গ্রহনযোগ্য কি না?

বয়সের ব্যাপারে কোন রকম শিথিলতা নেই। অবশ্যই ১লা আগস্ট ২০১৮ তারিখে বয়স ১৫ বছর থেকে ১৭ বছরের মধ্যে হতে হবে।

৩। আবেদনকারী বাছাই প্রক্রিয়ার ধারাবাহিকতার কোন এক পর্যায়ে প্রোগ্রাম থেকে সরে যেতে পারবে কি না?

হ্যাঁ। তবে এই ধরনের কাজকে নিরুৎসাহিত করা হয়। কারন কেবলমাত্র নির্দিষ্ট সংখ্যক মেধাবী আবেদনকারীকে বাছাই করা হয়। আর এই বাছাই প্রক্রিয়া অত্যন্ত ব্যয়বহুল। পারিবারিক সম্মতির মাধ্যমে মনস্থির করে তবেই এই প্রোগ্রামে অংশগ্রহন করার আবেদন করা উচিত। কেবল মাত্র নিজের যোগ্যতা যাচাই করা বা নিছক কৌতূহলবসত আবেদন করা উচিৎ নয়। তাতে করে একজন যোগ্য প্রতিযোগীর অধিকার নষ্ট হয়।

৪। বাংলাদেশী নাগরিক ছাড়া অন্য দেশের নাগরিক কি এই দেশ থেকে প্রোগ্রামের জন্য আবেদন করার যোগ্যতা রাখে?

কেবলমাত্র বাংলাদেশী পাসপোর্টধারী- বাংলাদেশী নাগরিক বাংলাদেশ থেকেই এই প্রোগ্রামে অংশগ্রহন করতে পারবে।

৫। যুক্তরাষ্টে অবস্থানকালে শিক্ষার্থীরা কোথায় বসবাস করবে?

শিক্ষার্থীরা একটি হোস্ট ফ্যামিলির সাথে থাকবে। এজন্য তাদের কোন টাকা-পয়সা প্রদান করতে হবে না। এটা যে কোন অঙ্গরাজ্যে হতে পারে এবং এই

প্রোগ্রামের উদ্যোক্তা সংস্থার মাধ্যমেই ব্যবস্থা গ্রহন করা হবে। এই সংস্থাগুলি যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট এর Bureau of Educational and Cultural Affairs (ECA) কর্তৃক অনুমোদিত।

৬। 'হোস্ট ফ্যামিলি' কি ধরণের ভূমিকা পালন করেন?

আমেরিকার শহরতলী এলাকায় বসবাসকারী সাধারণ পরিবার; 'হোস্ট ফ্যামিলি' বিনিময় চুক্তির আওতায় একজন শিক্ষার্থীকে একবছর তাদের বাড়ীতে নিজ পরিবারের সদস্যের মতো যাবতীয় কর্মকান্ড তত্ত্বাবধান করে থাকেন, যুক্তরাষ্ট্রের জীবনযাত্রার সাথে পরিচিত করেন এবং তাদের পরিবারের সকল কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করেন। এই পরিবারগুলো বিনিময় চুক্তির আওতায় শিক্ষার্থীদের এই একটি বছর স্মরণীয় করে রাখার জন্য বিশেষভাবে চেষ্টা করবেন। তাছাড়া যুক্তরাষ্ট্রের একটি সাধারন পরিবারের কিশোর কিশোরীগন যে ধরনের অনুষ্ঠানে অংশগ্রহণ করে সেই ধরনের কার্যক্রমে সম্পৃক্ত করা। হোস্ট ফ্যামিলি তাদের এই কাজের জন্য কোন আর্থিক সুবিধা চান না। বরং এই বিনিময় চুক্তির আওতায় থাকা শিক্ষার্থীদের জীবন পদ্ধতি, সংস্কৃতি, মূল্যবোধ ইত্যাদি থেকে আনন্দ উপভোগ করতে অনুপ্রেরণা দেন।

৭। 'হোস্ট ফ্যামিলি' সম্পর্কে কিছু তথ্য জানা যাবে?

যুক্তরাষ্ট্রের এই পরিবারগুলো বহুভাষা এবং সংস্কৃতি এলাকা থেকে এসেছেন। তবে বাড়িতে প্রধানত ইংরেজী ভাষায় কথা বলে। তবে প্রকৃত সত্য হচ্ছে এই পরিবারগুলো বিভিন্ন বর্ণ এবং গোষ্ঠী থেকে এসেছেন। যেমন: আফ্রিকান-আমেরিকান, এশিয়ান-আমেরিকান, ইউরোপিয়ান-আমেরিকান এবং স্প্যানিস-আমেরিকান।

উপজাতি কিংবা বিভিন্ন সংস্কৃতির যে কোন পরিবারের সাথে মানিয়ে চলার জন্য শিক্ষার্থীদের মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। এ ছাড়াও প্রতিটি আমেরিকান কমিউনিটিতে বিভিন্ন ধর্ম-বর্ণের মানুষের সহ অবস্থান রয়েছে। আমেরিকার বিভিন্ন ভৌগোলিক অঞ্চলে ভিন্ন ভিন্ন ধর্মাবলম্বী বাস করেন। অধিকাংশ আমেরিকান পরিবার গীর্জায় যায় তাতে করে বোঝা যায় তারা নির্দিষ্ট কোন ধর্মে বিশ্বাসী। এ ছাড়াও ক্যাথলিক, ইহুদি, মরমনস, প্রটেষ্টান্ট এবং ব্যাপটিষ্ট ইত্যাদি ধর্মাবলম্বীরাও রয়েছে। যাই হোক কমিউনিটির প্রতিনিধিগন নিশ্চিৎ করেন, যে সকল পরিবারে ১৩ বছরের চেয়ে বড় কোন কিশোর আছে ঐ পরিবারে কোন বাংলাদেশী কিশোরীর জন্য বাসস্থানের ব্যবস্থা করা হয় না। এছাড়াও যে সকল খেলাধুলার সময় স্বল্পবসনা পোশাক পরিধান করতে হয়, সে সকল খেলাধুলায় বাংলাদেশী কিশোরী বাঙালী সংস্কৃতির পোশাক পরতে পারবে। সর্বোপরি পোশাক-পরিচ্ছেদ নিয়ে কোন বাধ্যবাধকতা নেই।

৮। কিভাবে 'হোস্ট ফ্যামিলি' বাছাই করা হয়?

এই প্রোগ্রামে সহায়তা প্রদানকারী সংস্থা শিক্ষার্থীদের বাস্তবতার নিরিখে 'হোস্ট ফ্যামিলি' বাছাই করে। দক্ষ 'হোস্ট ফ্যামিলি' বিভিন্ন সামাজিক এবং সাংস্কৃতিক সংগঠন যেমনঃ চার্চ, খেলাধুলার ক্লাব, যুব সংঘ, বিদেশী ভাষা ক্লাবের ক্লাশ থেকে, শপিং মল, দেশী মেলা এবং বিজ্ঞাপনের মাধ্যমে নির্বাচন করা হয়। প্রতিটি হোস্ট ফ্যামিলি'র অপরাধমূলক রেকর্ড যাচাই করা হয়।

৯। 'হোস্ট ফ্যামিলি'র সাথে কী ভাবে একজন শিক্ষার্থী সম্পৃক্ত হতে পারে ?

YES প্রোগ্রামে একজন শিক্ষার্থী ১০ মাস অবস্থানকালে যুক্তরাষ্ট্রের বিভিন্ন ধরনের সামাজিক কর্মকান্ডের সাথে সম্পর্ক স্থাপন করতে পারবে। মূলত 'হোস্ট ফ্যামিলি'র সাথে শিক্ষার্থী'র আন্তরিকভাবে তাঁদের সংস্কৃতির সাথে নিজেদের সংস্কৃতি বিনিময় করাটাই বছরের গুরুত্বপূর্ণ বিষয়। সহায়তা প্রদানকারী সংস্থা শিক্ষার্থীদের বিভিন্ন প্রোগ্রামে খাপ খাইয়ে নেয়া থেকে শুরু করে শিক্ষার্থীদের গতানুগতিক ধ্যান-ধারনা পাল্টিয়ে সহনশীল ব্যক্তিত্ব গড়ে উঠার ক্ষেত্রে সাহায্য করে। YES প্রোগ্রামের সকল শিক্ষার্থীদের পরিবারের সাথে মিশে যাওয়ার জন্য ঐকান্তিক ইচ্ছা থাকতে হবে। আর এজন্য তাদের পরিবারের একজন সদস্যের মতো সকল ধরনের কাজে আন্তরিকভাবে সাহায্য-সহযোগিতা করা বাঞ্ছনীয়। ওখানকার পরিবারের সদস্যরা সবাই মিলেমিশে পারিবারিক কাজ যেমন- রান্না করা, বাসন ধোয়া, কাপড় ধোয়া ইত্যাদি করে থাকে। ওখানকার নীতিমালার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। মনে রাখতে হবে বাংলাদেশের মতো ঘরের কাজে সাহায্যকারী যুক্তরাষ্ট্রে কোন গৃহকর্মী আশা করা যায় না। ফলে সকল ধরনের কাজ পরিবারের লোকদের সাথে সমন্বয় করে করতে হয়। আমরা জানি, যুক্তরাষ্ট্রে ছেলে মেয়েদের সমান চোখে দেখা হয়। এটা অত্যন্ত জরুরী এই সকল পারিবারিক এবং সামাজিক নীতিমালা মেনে চলা। শিক্ষার্থীদের হতে হবে নম্র, বিনয়ী এবং কৌশলী ব্যক্তিত্ব সম্পন্ন। YES শিক্ষার্থীদের

সফলভাবে প্রোগ্রাম সম্পন্ন করার জন্য আন্তরিকতার সাথে নিয়মতান্ত্রিকভাবে দায়িত্ব পালন করতে হবে।

১০। শিক্ষার্থী কি আত্মীয়/বন্ধু অথবা যুক্তরাষ্ট্রে বসবাসকারী পরিচিত জনদের সাথে দেখা করতে পারবে?

না, শিক্ষার্থীরা তাদের কোন আত্মীয়/বন্ধু পরিজনের সাথে দেখা করতে ও আতিথেয়তা গ্রহন করতে পারবে না। এই ধরনের দেখা সাক্ষাৎ কঠোরভাবে নিরুৎসাহিত করা হয়। কারন এতে প্রোগ্রামের মূল উদ্দেশ্য- "সম্পর্ক গঠন" ব্যাহত হয়, বিশেষ করে প্রাথমিক সমন্বয় সাধনের ক্ষেত্রে। তাছাড়া মত বিনিময় এবং অন্যান্য ক্ষেত্রে বাধার সৃষ্টি হতে পারে। যে কোন ধরনের অননুমোদিত সাক্ষাৎ ঘটলে প্রোগ্রাম থেকে বহিষ্কার করার মতো কঠিন নিয়ম রয়েছে।

১১। এমন নিশ্চয়তা কি প্রদান করা সম্ভব যে শিক্ষার্থী কোন মুসলমান অথবা বাংলাদেশী পরিবারের সাথে বাস করতে পারবে?

না। এই প্রোগ্রামের মূল উদ্দেশ্য হচ্ছে ধর্মীয় সহ অবস্থান এবং সাংস্কৃতিক বিনিময়ের শিক্ষাদান করা। সুতরাং একজন বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী মুসলমান পরিবার অথবা একই কমিউনিটির পরিবারের সাথে বাস করার দাবি করতে পারবে না।

১২। একজন মুসলিম শিক্ষার্থী কি নামাজ পড়তে এবং রোযা রাখতে পারবে এই প্রোগ্রামের সময়ে?

হ্যাঁ- শিক্ষার্থী নামাজ পড়তে এবং রোযা রাখতে পারবে এবং নিজ নিজ ধর্মীয় আচার পালন করতে পারবে। যুক্তরাষ্ট্রের আইন ধর্ম বিশ্বাস এবং ধর্ম পালনের স্বাধীনতা প্রদান করে। আমেরিকান পরিবার সব সময় ধর্ম পালনে সহযোগিতা করে এসেছে।

১৩। শিক্ষার্থী যুক্তরাষ্ট্রে অথবা স্কুলে পর্দা (হিজাব) পরিধান করতে পারবে?

হ্যাঁ- শিক্ষার্থী ইচ্ছা করলে স্কুলে, বাসায় অথবা যেখানে সে চায় পর্দা করতে পারবে। অনেক আমেরিকান মুসলমান আছে যারা ধর্ম বিশ্বাস অনুযায়ী পর্দা করে।

১৪। শিক্ষার্থী কি হালাল খাবার গ্রহণ করতে পারবে?

হালাল খাবার গ্রহণ করতে চাইলে হালাল ফুড এর দোকান থেকে শিক্ষার্থীকে কিনতে হবে। কোন শিক্ষার্থী তার 'হোস্ট ফ্যামিলি'র কাছে হালাল খাবার দাবী করতে পারবে না; 'হোস্ট ফ্যামিলি' আলাদাভাবে হালাল খাবার কিনে দিতে পারেন আবার না-ও দিতে পারেন। তবে শিক্ষার্থী তার পকেট মানি থেকে হালাল খাবার কিনে নিজেই রান্না করে খেতে পারবে।

১৫। শিক্ষার্থী কি আমেরিকান হাই স্কুল থেকে ডিপ্লোমা অর্জন করতে পারবে?

না। এই প্রোগ্রামে ডিপ্লোমা অর্ন্তভুক্ত না। শিক্ষার্থীরা নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণীতে শিক্ষাগ্রহন করবে। প্রোগ্রাম শেষে শিক্ষার্থীদের মূল্যায়নপত্র ও আনুসাঙ্গিক প্রত্যায়ন পত্র (যদি প্রযোজ্য হয়) প্রদান করা হবে।

১৬। শিক্ষার্থীর বাংলাদেশের কোন শিক্ষাবর্ষ কি নষ্ট হবে?

এটা নির্ভর করছে শিক্ষার্থী কোন স্কুলে/শ্রেণীতে পড়ছে কিংবা যুক্তরাষ্ট্রে কোন স্কুলে/শ্রেণীতে পড়বে। অনেক ক্ষেত্রে এর উত্তর হচ্ছে 'না'। তবে কোন কোন ক্ষেত্রে বাংলাদেশে একটি শিক্ষাবর্ষ পুনরায় পড়তে হতে পারে। ফিরে আসার পর কোন কোন ক্ষেত্রে শিক্ষার্থী শিক্ষাবোর্ড থেকে সমমান সার্টিফিকেট নিতে পারে (কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য)।

১৭। শিক্ষার্থীকে কি ধরনের রোগ প্রতিরোধমূলক টীকা গ্রহণ করতে হবে?

প্রত্যেক ছাত্রের জন্য রোগ প্রতিরোধমূলক টীকা গ্রহণ করা জরুরী, সাধারন টীকা ছাড়াও বিশেষ টীকা গ্রহন করা প্রয়োজন হতে পারে। এটা নির্ভর করে যুক্তরাষ্ট্রের সংশ্লিষ্ট অঙ্গরাজ্যের আইনের উপর। ছাত্রদের T.B. Test এ পাস করতে হবে।

১৮। প্রোগ্রাম শেষে শিক্ষার্থী কি যুক্তরাষ্ট্রে অবস্থান করতে পারবে?

প্রোগ্রাম শেষ হওয়ার পরে থাকা অসম্ভব। এটা প্রোগ্রামের আইনের লঙ্ঘন। এটা করলে ফেডারেল আইনেরও খেলাপ হবে এবং দোষী সাব্যস্ত হবে। এটা করলে আর কখনও যুক্তরাষ্ট্রে যেতে পারবে না।

১৯। J-1 Exchange Visitor Visa এর জন্য কি নিয়ম প্রযোজ্য?

হ্যাঁ। এই প্রোগ্রামে শিক্ষার্থীরা J-1 Exchange Visitor Visa নিয়ে যাবে। এই ভিসায় দুই বছরের Homestay নিয়ম প্রযোজ্য। এই দুই বছর শিক্ষার্থীরা আমেরিকায় ইমিগ্রেশন অথবা work ভিসার জন্য আবেদন করতে পারবে না।